

গমের ব্লাস্ট প্রতিরোধী জাতের প্রশংসা অস্ট্রেলিয়ান গবেষকদের

নিজস্ব প্রতিবেদক

গমের ব্লাস্ট প্রতিরোধ জাত আবিষ্কারে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা সফল হয়েছেন। যশোর আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের বিস্তীর্ণ মাঠে চলছে গমের ব্লাস্ট রোগের প্রতিরোধী জাতের এ গবেষণা কার্যক্রম। বৃহস্পতিবার বিকেলে গবেষণা কার্যক্রম সরেজমিনে দেখতে আসেন অস্ট্রেলিয়ান হাইকমিশন ও অস্ট্রেলিয়ান সেন্টার ফর ইন্টারন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ (এসআইএআর) এর ২০ সদস্য প্রতিনিধি দল। ২০ সদস্যের এ প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন অস্ট্রেলিয়ান কমিশনের দলনেতা ফিওনাসিমসন ও অস্ট্রেলিয়ান কমিশনার ফর এগ্রিকালচারাল রিসার্চ এসআইএআর এর দলনেতা প্রফেসর এন্ড্রু কেশেল।